উপজেলা পরিষদ কার্যালয়

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অক্টোবর, ২০১৪ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ১৯ অক্টোবর, ২০১৪ খ্রি.
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি ঃ মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদেস্যের তালিকা পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়করণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান অলোচ্য মাসে উপজেলা কমিটির ০৩টি সভা যথাক্রমে শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়। তিনি উক্ত তিনটি সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সিদ্ধান্তগুলি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটির সুপারিশ মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা গভর্ন্যান্স প্রকল্প থেকে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর
৩	আর্থিক বিবরণী উপস্থাপন	ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নন গেজেট কোয়াটার এনজি-২/বি বাসার বৈদ্যুতিক লাইন মেরামতসহ যাবতীয় কাজের বিল বাবদ ১১৯১১/= (এগার হাজার নয়শত এগার) টাকা, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও নির্বাহী অফিসারের বাস ভবনের জেনারেটর মেরামত বাবদ ১৬৭১৩/= (ষোল হাজার সাতশত তের) টাকা, বিগত ২৭/০৯/২০১৪ খ্রি, তারিখে খাদ্যে রাসায়নিক ফরমালিন ও ভেজাল নিরোধ সংক্রান্ত অভিযান পরিচালনা, র‌্যালী ও আলোচনা অনুষ্টানে ব্যয় বাবদ ১৯০০/= (উনিশশত) টাকা, নির্বাহী অফিসারের বাস ভবনে পানির মটর ও পানির ফিল্টার মেরামত বাবদ ৬৮৫০/= (ছয় হাজার আটশত পঞ্চাশ) টাকা এবং নির্বাহী অফিসারের বাস ভবনে সিলিং ফ্যান লাগানো বাবদ ৩২২৫/= (তিন হাজার দুইশত পচিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরো জানান চিলাউড়া পয়েন্ট জগন্নাথপুরে যাত্রী ছাওনি প্রতি তিন বছরের জন্য ভাড়া দেয়া হয়। সেপ্টেম্বর/১৪ মাসে তাদের মেয়াদ শেষ হওয়ায় লীজ বর্ধিত করার জন্য (১) জনাব ফজর আলী, পিতা-মৃত আজমান উল্ল্যাহ, সাং-ইকড়ছই এবং (২) জনাব আখিল গোপ, পিতা-মৃত চুরামনি গোপ, সাং-যাত্রাপাশা, উপজেলা-জগন্নাথপুর, জেলা-সুনামগঞ্জ কর্তৃক আবেদন করেন।	বিস্তারিত আলোচনান্তে , নন গেজেটে কোয়াটার এনজি-২/বি বাসার বৈদ্যুতিক লাইন মেরামতসহ যাবতীয় কাজের বিল বাবদ ১১৯১১/= (এগার হাজার নয়শত এগার) টাকা, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও নির্বাহী অফিসারের বাস ভবনের জেনারেটর মেরামত বাবদ ১৬৭১৩/= (ষোল হাজার সাতশত তের) টাকা, বিগত ২৭/০৯/২০১৪ খ্রি, তারিখে খাদ্যে রাসায়নিক ফরমালিন ও ভেজাল নিরোধ সংক্রান্ত অভিযান পরিচালনা, র‌্যালী ও আলোচনা অনুষ্টানে ব্যয় বাবদ ১৯০০/= (উনিশশত) টাকা, নির্বাহী অফিসারের বাস ভবনে পানির মটর ও পানির ফিল্টার মেরামত বাবদ ৬৮৫০/= (ছয় হাজার আটশত পঞ্চাশ) টাকা এবং নির্বাহী অফিসারের বাস ভবনে সিলিং ফ্যান লাগানো বাবদ ৩২২৫/= (তিন হাজার দুইশত পচিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।চিলাউড়া পয়েন্ট যাত্রী ছাওনীর লীজ বর্ধিত করার আবেদনের প্রেক্ষিতে আক্টোবর/১৪ হতে সেপ্টেম্বর/১৬ পর্যন্ত সময়ে বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।

৩	বিবিধ	**ক)** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা পক্ষে তার প্রতিনিধি ডাঃ মোঃ শামসুদ্দিন সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। তিনি জানান এমজিডি-৪ এবং এমজিডি-৫ এর কার্যক্রমের লক্ষ্যমাত্রা যথেষ্ট অর্জন হয়েছে এবং ইপিআই কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান হাসপাতালে রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ও পর্যাপ্ত পরিমান লোকবল না থাকায় রোগী থাকার ওয়ার্ডের পরিচ্ছন্নতায় ব্যত্যয় ঘটেছে। তিনি জানান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পরিদর্শনের পর থেকে বর্তমানে হাসপাতালের রোগী থাকার ওয়ার্ড খুবই পরিচ্ছন্ন আছে এবং কোথাও কোন সমস্যা নেই।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়্য। এছাড়া উপজেলা হাসপাতালের পরিচ্ছন্নতার প্রতি আরও বেশি গুরুত্ব দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		খ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপির বরাদ্দ এখোনো পাওয়া যায়নি। উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের আটটি প্রকল্পের টেন্ডার প্রকৃয়া সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান কেশবপুর এরালিয়া রাস্ত, লামা রসুলগঞ্জ রাস্তা ও ভবের বাজার থেকে সৈয়দপুর হয়ে রাস্তাটি রিলিফ প্রকল্পের আওতায় স্কিম বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান সৈয়দপুর শাহার পাড়া ইউনিয়ন পরিষদের বিল্ডিংয়ের সামনের রাস্তাটি RFQ এর মাধ্যমে বাস্তবায়িত করা হবে।	আলোচনান্তে কেশবপুর-এরালিয়া রাস্তা, লামা রসুলগঞ্জ রাস্তা ও ভবের বাজার থেকে সৈয়দপুর হয়ে রাস্তাটি রিলিফ প্রকল্পের আওতায় কাজটি দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সৈয়দপুর ইউনিয়ন পরিষদের সামনের রাস্তাটি RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		গ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সাম্প্রতিক উজানের ঢলে অত্র জগন্নাথপুর উপজেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অনেক ক্ষয়-ক্ষতি হয়েছে। উক্ত ক্ষয়-ক্ষতি কাটিয়ে উঠার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে গম,সরিষা,ভুট্টা ও বোরো ফসলের বীজ ও রাসায়নিক সার বিনা মূল্যে বিতরনের নিমিত্ত কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কর্মসূচী (২০১৪-২০১৫) গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান অত্র উপজেলায় গমের বীজ ১.৬০ মেঃ টন, ৮০ জন কৃষকের মধ্যে, সরিষা বীজ ০.১৬৫ মেঃ টন,১৬৫ জন কৃষকের মধ্যে, ভূট্টার বীজ ০.২৬ মেঃ টন, ৬৫ জন কৃষকের মধ্যে, বোরো বীজ .৭৫ মেঃ টন, ১৫০ জন কৃষকের মধ্যে নির্ধারিত হারে প্রদান করা হবে। এছাড়া সব ধরনের বীজের সাথে রাসায়নিক সার ডিএপি ও এমওপি প্রদান করা হবে।	বিস্তারিত আলোচনান্তে সাম্প্রতিক উজানের ঢলে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ক্ষয়-ক্ষতি কাটিয়ে উঠার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে গমের বীজ ১.৬০ মেঃ টন, ৮০ জন কৃষকের মধ্যে, সরিষা বীজ ০.১৬৫ মেঃ টন,১৬৫ জন কৃষকের মধ্যে, ভূট্টার বীজ ০.২৬ মেঃ টন, ৬৫ জন কৃষকের মধ্যে, বোরো বীজ .৭৫ মেঃ টন, ১৫০ জন কৃষকের মধ্যে নির্ধারিত হারে প্রদান এবং সব ধরনের বীজের সাথে রাসায়নিক সার ডিএপি ও এমওপি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঘ) উপজেলা শিক্ষা অফিসারের পক্ষে তার প্রতিনিধি উপজেলা সহকারী শিক্ষা অফিসার জানান আগামী ২৩ শে নভেম্বর থেকে প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা শুরু হবে। এছাড়া তিনি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান মে/২০১৪ হতে জুন/২০১৪ সালের মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি বিতরন চলছে। সেকায়েপ প্রকল্পের মাধ্যমে উপবৃত্তির টাকা বিতরণ হচ্ছে। উপবৃত্তির টাকা পূর্বে সেসিপ প্রকল্পের জগন্নাথপুর জনতা ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হতো। ২০১৪ সাল থেকে মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তির অর্থ অগ্রণী ব্যাংক বিশ্বনাথ শাখার মাধ্যমে (সেকায়েপ প্রকল্প) বিতরন হচ্ছে। সেকায়েপ প্রকল্পে দরিদ্র পরিবারের জন্য উপবৃত্তি ও বেতন সুবিধা প্রাপ্তির জন্য উপজেলা পিএমটি উপদেষ্টা কমিটি,উপজেলা পিএমটি কার্যক্রম বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে এবং প্রতি ইউনিয়ন/পৌরসভায়	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলার তিনটি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্টানকে উদ্দীপনা পুরুস্কার প্রদানের নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে সেকায়েপ কর্তৃক তিনটি প্রতিষ্টানকে যথাক্রমে ১। সৈয়দপুর পাইলট উচ্চ বিদ্যালয় ২। পঞ্চগ্রাম উচ্চ বিদ্যালয় এবং ৩। কামরাখাই জয়নগর দাখিল মাদ্রাসাকে এক লক্ষ টাকা করে	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		১টি করে বুথ স্থাপন করে ১০ দিন ধরে পিএমটি বুথে ৫ম শ্রেণী থেকে ৯ম শ্রেণীর শিক্ষার্থীরা অভিভাবকসহ বুথে এসে উপবৃত্তির ফরম পূরণ করবে। ইতি মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভার সম্মানিত চেয়ারম্যানগণের সাথে আলোচনা করে ইউনিয়নের ৩টি বৃহত্তর ওয়ার্ডে (৩×৩)=৯ দিন বুথ কার্যক্রম চলবে এবং অবশিষ্ট একদিন অর্থাৎ দশম দিনের কার্যক্রম চলবে। ইতিমধ্যে পিএমটি বুথ এবং বুথ সদস্যগনের নামের তালিকা চুড়ান্ত করা হয়েছে। পরবর্তী নির্দেশনায় ফরম পূরণ কার্যক্রম শুরু হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় আহবান জানান যে, সেকায়েফ শীর্ষ প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলার তিনটি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্টানকে উদ্দীপনা পুরষ্কার প্রদানের নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে সেকায়েপ কর্তৃক তিনটি প্রতিষ্টানকে নির্বাচিত ঘোষণা করা হয়। ১। সৈয়দপুর পাইলট উচ্চ বিদ্যালয় ২। পঞ্চগ্রাম উচ্চ বিদ্যালয় এবং ৩। কামরাখাই জয়নগর দাখিল মাদ্রাসা প্রতিটি প্রতিষ্টানকে এক লক্ষ টাকা করে উদ্দীপনা পুরষ্কারের চেক প্রস্তুত করা হয়েছে। শ্রীঘ্রই প্রতিষ্টান প্রদানদের কাছে চেক হস্তান্তর করা হবে।	উদ্দীপনা পুরষ্কারের চেক প্রতিষ্টান প্রদানদের কাছে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		চ) উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা জানান উপজেলায় বিভিন্ন জায়গায় এনথ্যাক্স রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে । এনথ্যাক্স রোগের কবল থেকে গবাদি পশুদের রক্ষায় টিকা প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি জানান সদ্য সমাপ্ত ঈদউল আযহা উপলক্ষে বিভিন্ন বাজারে গবাদি পশু সমুহের সমীক্ষায় কোন রোগাক্রান্ত পশু পাওয়া যায়নি। এছাড়া তিনি অত্র উপজেলার কোথাও কোন গো-মোড়ক দেখা দিলে তাৎকণিকভাবে উপজেলা প্রানি সম্পদ অধিদপ্তরকে অবহিত করার অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এনথ্যাক্স রোগের কবল থেকে গবাদি পশুদের রক্ষায় টিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ছ) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান জাতীয় স্যানিটেশন মাস ২০১৪ উপলক্ষ্যে মাননীয় অর্থ ও পরিকল্পণা প্রতিমন্ত্রী মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তিনি উক্ত দিবসে সবাইকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। এছাড়া তিনি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং বিভাগীয় কাজে সকলের সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		জ) উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান আগামী ০১ নভেম্বর/২০১৪ জাতীয় সমবায় দিবস উদ্‌যাপিত হবে। উক্ত দিবস উপলক্ষে উপজেলা সমাবায় অধিদপ্তর এক আলোচনা সভা ও র‌্যালির আয়োজন করেছে। তিনি আলোচনা সভা ও র‌্যালিতে যোগদানের জন্য সভাইকে আমন্ত্রণ জানান। এছাড়া তিনি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং বিভাগীয় কাজে সকলের সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঝ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় পরবর্তী ২৪ মাস চক্রের (১ জানুয়ারি ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬) ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন করে নতুন করে অসহায় দুঃস্থ মহিলাদের নাম তালিকা উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান। তিনি আরও জানান প্রতি ইউনিয়ন থেকে মাতৃত্বকাল ভাতার জন্য ২৭ জন করে মাতৃত্বভোগীর নাম তালিকা	বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণকে ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন করে নতুন করে অসহায় দুঃস্থ মহিলাদের নাম তালিকা ও ২৭ জন করে মাতৃত্বভোগীর নাম তালিকা উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		প্রদানের অনুরোধ করা হলে এখনও কারও কাছ থেকে নাম তালিকা পাওয়া যায়নি। তিনি মাতৃত্বভোগীর নাম তালিকা প্রদানের জন্য আবারও অনুরোধ জানান।		
		ঞ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের বাসাবাড়ীর নিরাপত্তার কাজে দুই জন আনসার নিয়োগ করা হয়। আনসারগণ দায়িত্ব ভাতা বাবদ ২৫৬০/= প্রাপ্য হন। তিনি উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল থেকে উক্ত বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি জানান যে, সরকার প্রত্যেক উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত "অফিস সহায়ক" পদে জনবল নিয়োগের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখা এর ১৪ আগস্ট ২০১৪ খ্রি: তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৬৪৮ সংখ্যক পত্রে উপজেলা পরিষদের জন্য দুইজন "অফিস সহায়ক" নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান করেছে। এ নিয়োগ কার্যক্রম আগামী ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ এর মধ্যে সম্পন্ন করতে হবে। এমতাবস্থায় জগন্নাথপুর উপজেলা পরিষদের জন্য উক্ত জনবল নিয়োগের নিমিত্ত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর ৭(১) ধার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুরকে আহবায়ক করে নিম্নোক্তভাবে একটি বাছাই কমিটি গঠনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। ১. উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ। — আহবায়ক ২. উপজেলা প্রকৌশলী জগন্নাথপুর, সুনামগঞ্জ। — সদস্য ৩. উপজেলা শিক্ষা অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ। — সদস্য ৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জগন্নথপুর, সুনামগঞ্জ। — সদস্য ৪. জনাব মোঃ দেলোয়ার হোসেন উপজেলা সমবায় অফিসার, — সদস্য	বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত কমিটি সভায় অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ অনুসরণ পূর্বক জরুরী ভিত্তিতে নিয়োগকার্যক্রম চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৩-২০১৪/ (৪০) তারিখ ঃ- ০৭/০৮/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব...,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা..,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,...ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব...।
১০. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।